DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 05:40 PM

রাজনীতি

# সব আসনে বিজয়ী হলেও পরিকল্পিতভাবে জামায়াতের জয় কেড়ে নেওয়া হয়েছে

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: শনিবার, ১১ জুলাই ২০২৬, ০৮:০২ AM




ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল বলেছেন, ঢাকার সব আসনে জামায়াতে ইসলামী বিজয়ী হলেও পরিকল্পিতভাবে তাদের সেই বিজয় কেড়ে নেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি।

শুক্রবার (১০ জুলাই) কোতোয়ালি দক্ষিণ থানা ইউনিটের দায়িত্বশীল শিক্ষাশিবিরে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

বুলবুল বলেন, হাজারো প্রতিকূলতা মোকাবিলা করে জামায়াতে ইসলামী জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে রাজপথে ছিল। এ কারণে জনগণ দলটিকে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দিতে ভোট দিয়েছিল। কিন্তু ভোট জালিয়াতির মাধ্যমে জামায়াতকে মূলধারায় আসতে দেওয়া হয়নি। অন্তর্বর্তী সরকারের ভেতরে ও বাইরে থেকে ষড়যন্ত্রের মাধ্যমে দলটিকে রাষ্ট্র পরিচালনার সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছে।

দলীয় নেতাকর্মীদের উদ্দেশে তিনি বলেন, সমাজে জামায়াতে ইসলামীর কর্মীদের মানবিক নেতৃত্বের যে পরিচিতি রয়েছে, তা ধরে রাখতে হবে। দায়িত্বশীলদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের আহ্বান জানিয়ে তিনি বলেন, দায়িত্ব একটি আমানত। দায়িত্ব পালনে সর্বোচ্চ ত্যাগ স্বীকার এবং জনগণের সেবায় নিজেদের প্রস্তুত করতে হবে।

তিনি আরও বলেন, আমিরে জামায়াতের বক্তব্য ও আদর্শের প্রতিফলন নেতাকর্মীদের আচরণ ও কর্মকাণ্ডে থাকতে হবে। মানুষ যাতে একজন কর্মীর মধ্যে জামায়াতে ইসলামীকে খুঁজে পায়, সেভাবে কাজ করতে হবে।

শিক্ষাশিবিরে বিশেষ অতিথির বক্তব্যে জামায়াতের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমির আব্দুস সবুর ফকির বলেন, দেশে ইসলামী আন্দোলনের দাবিদার অনেক সংগঠন থাকলেও জামায়াতে ইসলামীই দ্বীন প্রতিষ্ঠার আন্দোলনে ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। জামায়াত কখনও কাদা ছোড়াছুড়ির রাজনীতি করেনি এবং ভবিষ্যতেও করবে না।

কোতোয়ালি দক্ষিণ থানা আমির মো. মতিউর রহমানের সভাপতিত্বে এবং থানা সেক্রেটারি মো. ইকবাল হোসেনের পরিচালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ড. আব্দুল মান্নান ও অফিস সেক্রেটারি কামরুল আহসান হাসান প্রমুখ।

---


## এ বিভাগের আরও খবর



**ফারাক্কার চেয়ে বড় মরণফাঁদ হচ্ছে নেতৃত্ব সংস্কারের গুরুত্ব অনুধাবনে ব্যর্থতা**

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, ফারাক্কা বাংলাদেশের সবচেয়ে বড় মরণফাঁদ। কিন্তু আমার কাছে আরও বড় মরণফ...



### ফারাক্কার চেয়ে বড় মরণফাঁদ হচ্ছে নেতৃত্ব সংস্কারের গুরুত্ব অনুধাবনে ব্যর্থতা

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসির উদ্দীন পাটোয়ারী বলেছেন, ফারাক্কা বাংলাদেশের সবচেয়ে বড় মরণফাঁদ। কিন্তু আমার কাছে আরও বড় মরণ...

---




### বন্যায় এনসিপির দক্ষিণাঞ্চলের জুলাই পদযাত্রা ১৮ জুলাই পর্যন্ত স্থগিত

চট্টগ্রামসহ দেশের বিভিন্ন জেলায় চলমান বন্যায় প্রাণহানি ও জনজীবনে ব্যাপক বিপর্যয়ের প্রেক্ষাপটে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) দক্ষিণাঞ্চলের জু...

---




### আমরা জুলাই শহীদদের কাছে চিরঋণী : জামায়াত আমির

বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, জুলাই আন্দোলনের শহীদরা নিজেদের বুকের তাজা রক্ত দিয়ে এ জাতিকে এক মহ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/politics/sb-asne-bijyi-hleo-priklpitbhabe-jamayater-jy-kere-neoya-hyechhe